বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
প্রশাসন ইউনিট-২, সদর দপ্তর
www.caab.gov.bd

তারিখ: ১২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩০.৩১.০০০০.০০০.২০১.৫৫.০০৬০.১৭.৩৬২

**অফিস আদেশ**

যেহেতু, জনাব মোঃ আরিফ-উর-রহমান, সহকারী পরিচালক (সিএনএস), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে কর্মরত থাকা অবস্থায় তার স্ত্রীর উচ্চশিক্ষা লাভে সহায়তার উদ্দেশ্যে যুক্তরাষ্ট্র গমনের জন্য বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির আবেদন করেন এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের গত ১৫ আগস্ট ২০২৪ তারিখের ৮৮০নং স্মারকের মাধ্যমে ১৫ (পনের) দিনের বহিঃবাংলাদেশ ছুটি অনুমোদনপ্রাপ্ত হয়ে ১৮ আগস্ট ২০২৪ তারিখে যুক্তরাষ্ট্র গমন করেন; কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে নির্ধারিত সময়ের মধ্যে দেশে প্রত্যাবর্তন না করে পরবর্তীতে ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত ৩ (তিন) মাস ১৫ (পনের) দিন ছুটি বর্ধিতকরণের আবেদন প্রেরণ করেন;

২.০ যেহেতু, তার ২৯ আগস্ট ২০২৪ তারিখের ছুটি বর্ধিতকরণ সংক্রান্ত আবেদন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নামঞ্জুর করা হয় এবং তাকে অতিদ্রুত দেশে প্রত্যাবর্তনপূর্বক কাজে যোগদানের জন্য ৩১ অক্টোবর ২০২৪ তারিখে নির্দেশ প্রদান করা হলেও তিনি উক্ত নির্দেশ প্রতিপালন করেননি;

৩.০ যেহেতু, কাজে যোগদান না করে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে কেন তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না—এ মর্মে ০৮ ডিসেম্বর ২০২৪ তারিখে ব্যাখ্যা তলবপূর্বক পত্র প্রেরণ করা হলেও তিনি কোনো জবাব প্রদান করেননি। পরবর্তীতে উক্ত পত্রসমূহ পুনরায় বিশেষ বাহকের মাধ্যমে তার ঢাকাস্থ আবাসিক ঠিকানা, ব্যক্তিগত ই-মেইল এবং হোয়াটসঅ্যাপ নম্বরে প্রেরণ করা হলেও তিনি কোনো জবাব দাখিল না করে বরং অতিরিক্ত ৬ (ছয়) মাস ছুটি বর্ধনের জন্য পুনরায় আবেদন করেন;

৪.০ যেহেতু, ছুটি বর্ধিতকরণ সংক্রান্ত তার ১৬ ডিসেম্বর ২০২৪ তারিখের আবেদনটি গ্রহণযোগ্য বিবেচিত না হওয়ায়, অনুমোদিত সময়সীমা অতিক্রম করে তিনি ০২ সেপ্টেম্বর ২০২৪ তারিখ হতে বিনা অনুমতিতে ৬০ (ষাট) দিনের অধিক সময় বিদেশে অবস্থান করেন; এবং তার উক্ত কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ হিসেবে প্রতীয়মান হওয়ায়, তার বিরুদ্ধে উক্ত অভিযোগসমূহ আনয়নপূর্বক স্মারক নং-৩০.৩১.০০০০.২০১. ৫৫.০৬০.১৭.৫৫৩৬, তারিখ: ১২ মার্চ ২০২৫ মূলে বিভাগীয় মামলা নং-০২/২০২৫ রুজু করা হয় এবং যথাযথভাবে অভিযোগনামা জারিপূর্বক তাকে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হয়;

৫.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে কোনো জবাব প্রাপ্ত না হওয়ায় গত ০৮ মে ২০২৫ তারিখে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তিনি তদন্ত শেষে ০২ জুলাই ২০২৫ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন, যাতে তার বিরুদ্ধে আনীত

'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়;

৬.০ যেহেতু, অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় কেন তার বিরুদ্ধে 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড অথবা অন্য কোনো উপযুক্ত দণ্ড আরোপ করা হবে না—এ মর্মে ২২ জুলাই ২০২৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

৭.০ যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব ০৩ আগস্ট ২০২৫ তারিখে ই-মেইলের মাধ্যমে প্রদান করেন, যেখানে তিনি পূর্বোক্ত কারণ ব্যতীত নতুনভাবে পুত্রের চিকিৎসার বিষয় উল্লেখপূর্বক ছুটি বর্ধনের আবেদন জানান এবং পরবর্তীতে ১৪ আগস্ট ২০২৫ তারিখে ২ (দুই) বছরের শিক্ষা ছুটির আবেদন দাখিল করেন; এতে প্রতীয়মান হয় যে তিনি কর্তৃপক্ষের চাকরিতে প্রত্যাবর্তনে আন্তরিক নন এবং বিভিন্ন কৌশলে ছুটি বর্ধনের চেষ্টা অব্যাহত রেখেছেন, যা তার পূর্ববর্তী আবেদন ও অবস্থানের সাথে অসামঞ্জস্যপূর্ণ এবং বিধিসম্মত নয়। অনুমোদিত ছুটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর তিনি প্রায় ১ (এক) বছর ৭ (সাত) মাস অনুমোদন ব্যতিরেকে বিদেশে অবস্থান করায় তিনি পলায়নরত রয়েছেন। তদুপরি, প্রচলিত বিধি অনুযায়ী বিদেশে অবস্থানরত অবস্থায় সংশ্লিষ্ট দূতাবাসের মাধ্যমে ছুটি বর্ধনের কোনো আবেদন না করায় তার প্রদত্ত জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি; এবং

৮.০ যেহেতু, বিভাগীয় মামলার নথি, তদন্ত প্রতিবেদন, প্রাপ্ত জবাব ও তার আবেদনসমূহ পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, তিনি কর্তৃপক্ষের চাকরিতে যোগদান না করে পলায়নরত রয়েছেন এবং বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি উপযুক্ত দণ্ড পাওয়ার যোগ্য।

৯.০ সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আরিফ-উর-রহমান, সহকারী পরিচালক (সিএনএস)-কে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো। অভিযোগের গুরুত্ব, প্রকৃতি ও সংশ্লিষ্ট সকল বিষয় বিবেচনায় একই প্রবিধানমালার প্রবিধি ৫০(১)(খ)(উ) অনুযায়ী তাকে "চাকরি হতে বরখাস্তকরণ" সূচক গুরুদণ্ড প্রদান করা হলো এবং এতদ্দ্বারা বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো;

১০.০ এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৫-০৪-২০২৬
এয়ার ভাইস মার্শাল মোঃ মোস্তফা মাহমুদ সিদ্দিক
চেয়ারম্যান
ফোন : ০২৪১০৯১০০০
ফ্যাক্স : +৮৮০২৪১০৯১১১১
ইমেইল : chairman@caab.gov.bd

নম্বর: ৩০.৩১.০০০০.০০০.২০১.৫৫.০০৬০.১৭.৩৬২/১ (১২) তারিখ: ১২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (প্রশাসন), সদস্য (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
২। সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), সদস্য (পরিচালনা ও পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৩। সদস্য(এটিএম), সদস্য(এটিএম) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৪। নির্বাহী পরিচালক (হশাআবি), নির্বাহী পরিচালক (হশাআবি) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

৫। পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, প্রশাসন বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৬। পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা) (প্রতিভূ), সম্পত্তি ব্যবস্থাপনা শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৭। পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ) , পরিচালক (মানব সম্পদ) এর দপ্তর, মানব সম্পদ বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৮। পরিচালক (সিএনএস) (চলতি দায়িত্ব), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৯। পরিচালক (রুটিন দায়িত্ব), কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার।
১০। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, ইনফরমেশন টেকনোলজি (আইটি) বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ( পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১১। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং
১২। জনাব মোঃ আরিফ-উর-রহমান (পিতা-মোঃ মজিবুর রহমান), সহকারী পরিচালক (সিএনএস) (বরখাস্তকৃত), বহিঃবাংলাদেশ ঠিকানা: Lafayette, Louisiana, U.S.A. স্থায়ী ঠিকানা: বাড়ী-৩৭, রোড-৪, গ্রাম-শ্রী নারায়ন কান্দি, ইউনিয়ন-বলরামপুর, ডাকঘর-গাজীপুর, থানা-তিতাস, জেলা-কুমিল্লা (মোবাইল-০১৮৪৭৩০৫৬৮৩)।, পদায়ন: কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার; সংযুক্তিকৃত কর্মস্থল: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা। বর্তমান ঠিকানা: বাসা-বি ১/১, ক্যাব কোয়ার্টার, রোড-২৬, বনানী, ঢাকা।

২৫-০৪-২০২৬
এয়ার ভাইস মার্শাল মোঃ মোস্তফা মাহমুদ সিদ্দিক
চেয়ারম্যান